গাজায় ইসরায়েলের বর্বরোচিত হামলা ও হত্যার প্রতিবাদে ঠাকুরগাঁওয়ে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ

শামসুল আলম, ঠাকুরগাঁও :: গাজায় ইসরায়েলের পক্ষ থেকে বর্বরোচিত হামলা, হত্যার প্রতিবাদে ঠাকুরগাঁওয়ে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। গতকাল সোমবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, সাধারণ ছাত্র-জনতা, বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের পক্ষ থেকে এ কর্মসূচী পালিত হয়।

হে মুসলিম উম্মাহ যুদ্ধের জন্য প্রস্তুতি নেও, আমিও যুদ্ধে শহীদ হতে প্রস্তুত এ জাতীয় স্লোগানে মুখরিত ছিল পুরো ঠাকুরগাঁও শহর। মার্চ ফর ফিলিস্তিন” উপলক্ষে সরকারি বালক উচ্চ বিদ্যালয় বড় মাঠে দুপুরে জড়ো হতে থাকে ছাত্র-জনতা, বিভিন্ন স্কুলের শিক্ষার্থী, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠনের সদস্যসহ সর্বস্তরের মানুষজন।

আমাকে হাজারবার গুলি করো, আমার সন্তানকে মেরো না”, আমার ফুসফুস কেটে নিয়ে উল্লাস করো, আমার বাচ্চার অক্সিজেন কেড়ে নিও না”, তোমার বুটের লাথিতে আমার পাজর ভেঙ্গে দাও, বাচ্চাটাকে ছুঁয়ো না” ফিলিস্তিনের শিশুদের রক্ষার জন্য তাদের অভিভাবেকদের এ জাতীয় আবেগজড়িত কথা উল্লেখ করে হামলা ও হত্যার প্রতিবাদ জানানো হয়। পরে বিক্ষোভ মিছিল নিয়ে শহরের চৌরাস্তা মোড়ে আধা ঘন্টাব্যাপী সমাবেশ পালন করা হয়। অপরদিকে শহরের পুরাতন বাসস্ট্যান্ড গোলচত্বরেও একই দাবিতে বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়। পাশাপাশি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতালসহ নানা স্থানে মানববন্ধনও বিক্ষোভ সমাবেশ পালন করা হয়।